{Private Varsity (NSU, East-West, BRAC IUB প্রভৃতি)-গুলোর ভর্তি পরীক্ষার জন্যও helpful}

# S@ifur's

# IBA BBA Admission Guide

Recent Bazar


**Saifur Rahman Khan**

B.Sc. Engg. (EEE, BUET); MBA, IUJ, Japan.
Ex-lecturer, IBA, University of Dhaka.
Ex-faculty member, BIBM.

**Md. Maniruzzaman Manir**

Research Associate & Writer

**Edition** □ **2026**

**Published By** □ **S@ifur's Publication**

**Copyright ©** ➲ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোনো অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)

প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।

মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**

www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**

01713 43 20 15; 01613 43 20 16

**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**

www.saifursbooks.com

**Compose & Design:**

মো. আল-মামুন ফেরদৌস

**Price: Tk. 550 *(Fixed)***

Recent Bazar

# Table of Contents


**01**. BBA Admission Test Question (1997 – **98**)-এর প্রশ্ন ও সমাধান ........................... **01**

**02**. BBA Admission Test Question (1998 – **99**)-এর প্রশ্ন ও সমাধান ........................... **29**

**03**. BBA Admission Test Question (1999 – **2000**)-এর প্রশ্ন ও সমাধান ....................... **54**

**04**. BBA Admission Test Question (2000 – **2001**)-এর প্রশ্ন ও সমাধান ....................... **82**

**05**. BBA Admission Test Question (2001 – **2002**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **109**

**06**. BBA Admission Test Question (2002 – **2003**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **132**

**07**. BBA Admission Test Question (2003 – **2004**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **157**

**08**. BBA Admission Test Question (2004 – **2005**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **181**

**09**. BBA Admission Test Question (2005 – **2006**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **202**

**10**. BBA Admission Test Question (2006 – **2007**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **227**

**11**. BBA Admission Test Question (2007 – **2008**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **262**

**12**. BBA Admission Test Question (2008 – **2009**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **300**

**13**. BBA Admission Test Question (2009 – **2010**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **333**

**14**. BBA Admission Test Question (2010 – **2011**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **365**

**15**. BBA Admission Test Question (2011 – **2012**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **405**

**16**. BBA Admission Test Question (2012 – **2013**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **437**

**17**. BBA Admission Test Question (2013 – **2014**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **473**

**18**. BBA Admission Test Question (2014 – **2015**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **525**

**19**. BBA Admission Test Question (2015 – **2016**)-এর প্রশ্ন ও সমাধান ..................... **553**

**20**. BBA Admission Test Question (2016 – **2017**)-এর প্রশ্ন ...................... **583**

**সমাধান** ...................... **593**

**21**. BBA Admission Test Question (2017 – **2018**)-এর প্রশ্ন ...................... **621**

**সমাধান** ...................... **633**

**22**. BBA Admission Test Question (2019 – **2020**)-এর প্রশ্ন ...................... **653**

**সমাধান** ...................... **665**


Recent Bazar

# 2023-24 সেশনের ভর্তি বিজ্ঞপ্তি থেকে উদ্বৃত্ত

## IBA-BBA-তে ভর্তি পরীক্ষা দেওয়ার যোগ্যতা

## ELIGIBILITY CRITERIA:

**1.** For Applicants Who Have Passed SSC and HSC or Equivalent Exams:
They must have a **minimum 8.0** as total of SSC & HSC GPA (including the 4th subject). Candidates must secure at **least 3.5 GPA** in both the exams to be eligible to apply.

**2.** For Applicants Who Have Passed IGCSE/O-Level and IAL/GCEA-Level or Equivalent Exams:

Out of the 7 subjects in IGCSE/ O-Level and IAL/ GCE A-level, candidates should get minimum 2 A grades, 3 B grades and 2 C grades.

Candidates from O-level, A-level or from all other boards outside the country have to obtain “Equivalence Certificate” from DU at the beginning of their application process. To get equivalence certificate, please visit the DU admission website: https://admission.eis.du.ac.bd.

## SELECTION PROCEDURE:

**All Bangladeshi** applicants must take the Admission Test. The test has two components: Written and Communication. The components of the Written Test evaluate applicant's aptitude in: Language, Mathematics, and Analytical ability. In order to pass the Written Test, an applicant must obtain a minimum qualifying score in all sections. Applicants will be selected for the Communication Test, on the basis of their performance in the Written Test.

Foreign nationals with a score of at least 1300 out of 1600 in SAT Reasoning Test (with at least 600 in Math and 575 in reading and writing) may be exempted from the Written Test, but must appear in the Communication Test.

Recent Bazar

**পরীক্ষার হলে প্রশ্ন হাতে পাওয়ার পর আমরা যা করব সেভাবেই এখানে Solve করা হলা।**
**আর এভাবে সমাধান করাকে বলে Exam Approach-এ সমাধান।**

*প্রশ্ন পত্রটি হাতে পাওয়ার পর সমাধান করার সময় পৃষ্ঠা উল্টিয়ে দেখা গেল **Puzzle** ও **Critical Reasoning**-এর প্রশ্নগুলো (Q. 56 থেকে 70) সমাধান করা তুলনামূলকভাবে সহজ। তাহলে এবার **Puzzle** প্রশ্ন **Solve** করবো।*

**Q. 56 to 60:** Puzzle প্রশ্ন।

বিশেষ টেকনিকে আমরা এগুলি Solve করব। প্রথমে ১০/১২ লাইনের কিছুই না পড়ে প্রশ্নে চলে যাব। 58 নং প্রশ্নটি arrangement মানে কার আগে / পরে কে আসবে এমন প্রশ্ন। এটি solve করা তুলনামূলকভাবে সহজ। এতে করে প্রশ্নের শর্তগুলিও জানা হয়ে যাবে। সময় বাঁচবে।

**58.** এবার বুলেট চিহ্নিত শর্তগুলো একটি করে পড়ে ভুল উত্তর বাদ দেওয়া যাক:
**প্রথম শর্ত:** Zofen-এর ঠিক আগের দিন অবশ্যই Zakir-এর Lesson হবে।
Answer-এ গিয়ে দেখা যায় (A) ও (E)-তে এই শর্ত মানা হয়নি। এজন্য এগুলি বাদ বা ক্রস দিব। বাকি (B), (C) ও (D)-এর জন্য অন্যান্য শর্ত পড়ব।

(B)-তে Sabbir ও Bobby একই দিনে Joint Class-এ থাকায় তৃতীয় শর্তের লংঘন। দ্বিতীয় শর্তে Muhit একা ক্লাস করে। কিন্তু (C)-তে (Bobby + Muhit) Joint Lesson-এ আছে। ∴ Answer (D)।

**56.** প্রথম ও তৃতীয় শর্তমতে Zofen-এর ঠিক আগে Zakir এবং Sabbir-এর আগে যেকোন একদিন Bobby হবে। একারণে প্রশ্নমতে (Bobby + Zakir)-কে যদি Wednesday-তে দেয়া হয় তাহলে (Sabbir + Zofen)-কে একসাথে Thursday-তে দেয়া যাবে না কারণ চতুর্থ শর্তমতে, দুটি Joint class পাশাপাশি হবে না। তাই সর্বশেষ Tuesday-তে (Bobby + Zakir) থাকতে পারবে। ∴ Answer (E)।

**57.** Zubin সাহেব যতটুকু সম্ভব সপ্তাহের প্রথম দিকে দুটি joint class দিতে চান। Zakir ও Zofen যদি সপ্তাহের শেষের দিকে থাকে তাহলে এরা বুধ (Zakir) ও বৃহস্পতিবারে (Zofen) বসবে। তাহলে joint lesson-গুলো নিতে হবে Sunday ও Tuesday-তে। কারণ Joint lesson পাশাপাশি দুই দিন হয় না। Muhit আলাদা class করে (২য় শর্ত) বলে সে Monday-তে করবে।

তৃতীয় শর্ত পূরণ করতে Sabbir যদি Tuesday-তে বসে তাহলে Bobby আসবে Sunday-তে। বাকি রইল Bappy ও Tonmoy। এরা Bobby বা Sabbir যেকোনো জনের সাথে বসতে পারে। Answer option পড়লে (A)-তে Sabbir পাওয়া যায়। অর্থাৎ, Bappy বসতে পারে Sabbir-এর সাথে। ∴ Answer (A)।

**59.** যেহেতু Muhit আলাদাভাবে lesson করে তাই তাকে Wednesday-তে দিলে Thursday-তে Zofen বা Zakir বসলে প্রথম শর্ত লংঘন হবে।

Recent Bazar

| Sunday | Monday | Tuesday | Wednesday | Thursday |
|---|---|---|---|---|
| | | Zakir ⊗ | Muhit | Zofen ⊗<br>Zakir ⊗ |

আবার Zakir যদি Tuesday-তে বসে তাহলে Zofen-কে বসতে হবে Wednesday-তে (১ম শর্ত), কিন্তু প্রশ্নানুসারে এখানে Muhit আগে থেকেই দেওয়া আছে। তাহলে Zakir বসবে Sunday বা Monday-তে। ∴ Answer (A)।

**60.** Joint Lesson দুটি: একটা হল (Sabbir + Zofen) এবং আরেকটা (Tonmoy + Bappy)। প্রশ্নমতে, সপ্তাহের প্রথমদিকে থাকবে (Sabbir + Zofen) এবং শর্তমতে Bobby ও Zakir এদের আগে বসবে বলে এদের জন্য দুইটি স্থান রাখতে গিয়ে (Sabbir + Zofen) বসবে Tuesday-তে। Tuesday-এর পর একটি Lesson পরে (Tonmoy + Bappy)-এর Joint Lesson হবে। তাহলে Muhit অবশ্যই Wednesday-তে বসবে। ∴ Answer (C)।

**<u>Q. 61 to 65:</u>** <u>Critical Reasoning প্রশ্ন</u>।

**61.** অর্থাৎ, কোন শহরে সিনেমা হলগুলোতে দর্শকদের উপস্থিতিটা সিনেমা হল মালিকদের মোটামুটি লাভের জন্য যথেষ্ট। ঐ শহরে আগামী কয়েক বছরে জনসংখ্যা বৃদ্ধির সম্ভাবনা কম। তবুও বিনিয়োগকারীরা তিন বছরে সিনেমা হলের সংখ্যা দ্বিগুণ করতে প্রস্তুত এবং তারা নিজেদের এবং হল মালিকদের জন্য ভাল লাভের প্রত্যাশা করে। প্রশ্ন হল, Answer-গুলির কোন বক্তব্যটি বিনিয়োগকারীদের ভবিষ্যৎবাণীকে যৌক্তিকতা প্রদান করতে সহায়তা করে?

আমাদেরকে এমন একটি বক্তব্য খুঁজতে হবে যেটিতে বলা থাকবে জনসংখ্যা না বাড়লেও অন্য যে কোন উপায়ে দর্শকদের সংখ্যা বাড়ে। এবার Answer option পড়ব: (A) সিনেমা হলে যাওয়ার আসল বয়স ১৩ থেকে ১৯ বছর বয়সী দর্শকদের অনুপাত আগামী ৫ বছরে শহরটির জনসংখ্যার সবচেয়ে দ্রুত বর্ধনশীল অনুপাত হবে। (B), (C) ও (D)-এর বক্তব্যে দর্শক বাড়ার কোন ইংগিত নেই। ∴ Answer (A)।

**62.** অর্থাৎ, গত মাসে সম্প্রচারিত বাংলাদেশের শেয়ার বাজারের উপর বিতর্কিত সংবাদ প্রচারের পর বাংলাদেশী টিভি চ্যানেল ABC-এর দর্শকসংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে গিয়েছে। ABC চ্যানেল এটির দর্শকদের কাছ থেকে প্রচুর অভিযোগ পায়। কিন্তু চ্যানেলটির CEO দাবি করেন যে, রিপোর্ট এর কারণে আসা বিরূপ প্রতিক্রিয়ার সাথে ABC সংবাদ চ্যানেলের দর্শকসংখ্যা কমার কোন সম্পর্ক ছিল না।

প্রশ্ন হল, যদি সত্য বলে ধরে নেয়া হয়, তাহলে নিচের কোন বক্তব্যটি CEO-এর দাবিকে জোড়ালোভাবে মূল্যায়ন করে?

অর্থাৎ, আমাদের এমন একটি বক্তব্য খুঁজতে হবে যেটি CEO-এর দাবিকে সমর্থন করে। মানে, শেয়ার বাজার নিয়ে খারাপ সংবাদের জন্য নয়, বরং অন্যান্য কারণেও দর্শক কমতে পারে।

এবার মন দিয়ে Answer পড়ব:

পড়তে পড়তে (C)-তে CEO-এর পক্ষের বক্তব্য পাওয়া যায়: *The other Bangladeshi news ... drop in viewership.* অর্থাৎ, দর্শক সংখ্যায় একই রকম হ্রাস অন্যান্য চ্যানেলেও ঘটেছে, মানে অন্যান্য channel-তো উপরোক্ত বিরূপ সংবাদ প্রচার করেনি, তবুও তো দর্শক কমেছে অন্যান্য কারণে। ∴ Answer is (C)।

Recent Bazar

**63.** প্রশ্নের বক্তব্য: বর্তমানে 45 থেকে 55 বছর বয়সী লোকদের Smartphone কেনার সম্ভাবনা বেশি। বাকি age groups-এর লোকদের চেয়েও তারা অধিক সংখ্যায় ক্রয় করে। তাহলে, বয়স্কদের চেয়ে তরুণরা smartphone বেশি ব্যবহার করে - প্রচলিত এই ধারণা অবশ্যই মিথ্যা হবে।



প্রশ্ন হল, উপরের argument (যুক্তি দিয়ে যে বক্তব্য)-এর প্রধান ত্রুটি নিচের কোন বক্তব্যটি?

Argument-এর conclusion বা সিদ্ধান্ত (The common belief ... false)-এর flaw বা খুঁত বের করতে এমন একটা বক্তব্য খুঁজতে হবে যেটিতে বলা থাকবে young-রা বেশি use করে এবং old-রা বেশি ক্রয় করে। মানে old-রা ক্রয় করে ব্যবহারের জন্য young-দেরও দিয়ে দিতে পারে।

এবার Answer পড়া যাক:
সঠিক উত্তর পাওয়া যায় (D)-তে: The argument does not differentiate buying from using smart phones. অর্থাৎ, Argument-এর ত্রুটি হল এটি smartphone কেনা ও ব্যবহার করার মধ্যে পার্থক্য দেখাতে পারেনি। ∴ Answer (D)।

**64.** অর্থাৎ, কোমল পানীয় বিক্রয়কারী Fresh Cola কোম্পানি এটির বিভিন্ন ব্রান্ডে প্রায় ২০% ডিস্কাউন্ট দিয়ে এটির মার্কেট শেয়ার বাড়াতে চায়। মূল্য হ্রাস প্রথমদিকে এটির লাভ কমিয়ে দিবে কিন্তু কোম্পানীটি প্রচুর বিজ্ঞাপন ও মার্কেটিং প্রচারণ চালাবে এটির প্রতিদ্বন্দ্বী কোম্পানীগুলো থেকে ক্রেতা টেনে আনতে। কোম্পানীটি আশা করে যে মূল্য হ্রাসের দ্বারা প্রথমদিকে আকৃষ্ট ক্রেতারা অল্প কয়েক বছর পর স্থায়ী ক্রেতায় পরিণত হবে।



প্রশ্ন হল, এই প্রস্তাবিত পরিকল্পনার সফলতা মূল্যায়ণে নিচের কোনটি জানা সবচেয়ে বেশি জরুরি।
তাহলে, আমাদের এমন একটি বক্তব্য খুঁজতে হবে যেটিতে বলা থাকবে কোম্পানির Plan-এ যে বাধা বা সমস্যা আসতে পারে। মানে তারা বেশি *customer* টানার যে plan করেছে একই plan বা আরো ভাল টেকনিক অন্যান্য কোম্পানী নিয়েছে বা নিতে যাচ্ছে কিনা। আর এ বিষয়টিই প্রশ্নে উল্লেখিত কোম্পানীকে মাথায় রাখতে হবে সফল হতে হলে।

এবার Answer option মন দিয়ে পড়া যাক:
পড়তে পড়তে (C)-তে পাওয়া গেল: Whether competitors ... discounts on their products as well. অর্থাৎ, অন্যান্য কোম্পানিও তাদের পণ্যে খুব বেশি discount দেয় কিনা। ∴ Answer (C)।

**65.** Ruby = 5′2″ এবং Ron = 5′10″। বাকি তথ্যগুলো সংক্ষিপ্তাকারে লেখা যাক।
Ana > Ruby। Ana লম্বা নয় Pamela থেকে, মানে Pamela থেকে খাটো বা সমান হতে পারে, অর্থাৎ, Ana ≤ Pamela। আরও আছে, Pamela < Ron। Pamela খাটো নয় Ruby থেকে, মানে Pamela-এর উচ্চতা Ruby-র সমান বা Ruby থেকে লম্বা। অর্থাৎ, P ≥ Ruby।

তাহলে, Ana > Ruby হওয়ায় লেখা যায়- Ron > Pamela ≥ Ana > Ruby
প্রশ্ন হল, Pamela-র উচ্চতা নিচের কোনটি হতে পারে না।

প্রশ্নের তথ্য থেকে Pamela > Ruby জানা গেল বলে Pamela-র উচ্চতা (A) হতে পারে না।∴ Answer (A)।

Recent Bazar

## Q. 66 to 70: Puzzle প্রশ্ন।

শর্তগুলো সংক্ষিপ্তাকারে লেখা যাক: Mistborn → Ishmam, Labib, Arfan

⇒ Rithmatist → Arnab, Rajon, Imran, Osman, Aszad ও Wahid.

**Two teams:** The Legion (5 members) এবং the Reckoner (4 members)।

⇒ Ishmam ও Arnab একই team-এ নয়।

⇒ Rajon + Aszad একই team-এ হলে Arfan অন্য team-এ অবশ্যই।

⇒ Osman + Rajon অবশ্যই একই team-এ।

⇒ (Imran + Aszad) × অর্থাৎ, একই team-এ নয়।

⇒ Reckoners-এ অবশ্যই ঠিক দুইজন আসবে Mistborn থেকে।

**66.** Wahid ও Osman যদি Legion-এ থাকে, তাহলে Reckoners-এ থাকতে পারে কোনগুলি?

| The Legion | The Reckoners |
|---|---|
| Wahid + Osman | -------------- |
| Rajon | (4 জন হবে) |

শর্তমতে Osman-এর সাথে Rajon আসবে Legion-এ। একারণে A, B ও D ভুল উত্তর। (E)-তে Mistborn থেকে ঠিক দুইজন সদস্য নেই। তাহলে Reckoners-এর সদস্যগুলো আছে (C)-তে। ∴ Answer (C)।

**67.** Arfan ও Rajon যদি Legion-এ হয়, তাহলে নিচের কোন pair-টি অবশ্যই Reckoners-এ থাকবে?

| Legion | Reckoners |
|---|---|
| Arf + Raj + Osman | Ishaman + Labib + Aszad |

শেষ শর্তটি মতে Arfan যেহেতু Legion, তাহলে Mistborn-এর বাকি দুইজন Ishmam ও Labib অবশ্যই Reckoners-এ থাকবে। (Arf + Rajon)-এর কারণে Aszad অবশ্যই Reckoners-এ যাবে। এবার Answer পড়লে Reckoners-এর Ishmam ও Aszad পাওয়া যায় (C)-তে। ∴ Answer (C)।

**68.** যদি Ishmam + Imran + Wahid হয় Reckoners-এ তাহলে কোনটি must be true?

| Reckoners | Legion |
|---|---|
| Ishmam + Imran | Aszad |
| + Wahid + Arfan | Osman + Rajon |

Imran-এর কারণে Aszad যাবে Legion-এ। Reckoners-এ আরেকজন সদস্য দরকার। এজন্য (Rajon + Osman) জুটি অবশ্যই Legion-এ যাবে। Legion-এ Rajon ও Aszad থাকায় Arfan শর্তমতেই Reckoners-এর। Reckoners-এর সদস্য 4 জন নিশ্চিত হয়ে যাওয়ায় Mistborn-এর অবশিষ্ট সদস্য Labib-কে অবশ্যই Legion-এ আশ্রয় নিতে হবে। ∴ Answer (A)।

Recent Bazar

**69.** Labib ও Arfan একই team-এ থাকলে নিচের কোনটি অবশ্যই সত্য হবে?
Labib ও Arfan একই team-এ থাকা মানে তারা Reckoners-এ থাকবে শর্তানুসারে (exactly two members)। তাহলে Mistborn-এর অবশিষ্ট সদস্য Ishmam যাবে Legion-এ।

| The Legion (5 জন) | The Reckoners (4 জন) |
|---|---|
| Ishmam + Osman + Rajon | Labib + Arfan + Arnab |

প্রথম শর্তানুসারে Ishmam-এর কারণে Arnab যাবে Reckoners-এ। Reckoners-এর আরেক জন বাকি। তাহলে Osman ও Rajon একই team-এ থাকে বলে তারা অবশ্যই Legion-এ যাবে। এবার Answer-গুলি পড়লে সঠিক উত্তর পাওয়া যায় (A)-তে। ∴ Answer (A)।

**70.** অর্থাৎ, নিচের কোন জোড়া member Reckoners দলে থাকবে না?
(A) দল থাকতে পারে কারণ Ishmam-এর জন্য Labib বা Arfan-এর যেকোন একজন আসবে এবং Aszad বাদে Imran-এর সাথে একজন আসতে পারবে। এভাবে (B), (C) ও (E) থাকতে পারে। শুধু (D) থাকবে না, কারণ Rajon-এর সাথে অবশ্যই Osman আসবে। Mistborn থেকে অবশ্যই আরো দুইজন আসবে। তখন হয়ে যাবে 5 জন, যা অসম্ভব। ∴ Answer (D)।

***এবার English অংশ Solve করব। Math-এর জন্য একটু সময় বেশি রাখতে যেয়ে এটিকে শেষে করব। Language অংশে যেটা পারা যায় না বা কঠিন মনে হয়, তা চিন্তা করে তেমন সুবিধা করা যায় না। কিন্তু Math section-এর জন্য বেশি সময় বরাদ্ধ রাখলে চিন্তা-ভাবনা করে সর্বোচ্চ সংখ্যক Math-এর উত্তর বের করা সম্ভব। তাহলে English অংশে চোখ বুলিয়ে দেখা যাক কোন প্রশ্নটি সহজ। দেখা যাচ্ছে, Rearrange (Q. 10 - 11)-এর প্রশ্নগুলো সহজ। চলো এগুলি সমাধান করি।***

## Q. 10 – 11 : Sentence Rearrange

প্রথমে বাক্যগুলোর অর্থ মন দিয়ে বুঝা যাক। তারপর বুঝা যাবে কোনটির পর কোনটি হবে।

**10.** (i) গলনশীল বিশাল বরফখণ্ড বা হিমবাহ (glacier)-গুলোও পর্বতারোহীদের জন্য ঝুঁকি বাড়িয়েছে।
(ii) এই সপ্তাহে International Climbing and Mountaineering Federation-এর এক সভায় তাদের উদ্বেগ প্রকাশ পেয়েছে।
(iii) আরোহণ বিশেষজ্ঞ ও বিজ্ঞানীরা সতর্ক করেন যে পৃথিবীর কিছু অঞ্চলে পর্বতারোহণ আবহাওয়া পরিবর্তনের কারণে অধিকতর ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে।
(iv) তারা বলেন আল্পস পর্বতমালা উষ্ণ হওয়াটা বরফ ও তুষার আবরণকে পাতলা করে দিয়েছে, ফল শ্রুতিতে প্রায়ই শিলা ও ভূমিধ্বস হয়।



টেকনিক

**(i)** নং বাক্যে হিমবাহগুলোও থাকায় বুঝা যায় পূর্বের অন্য বাক্যে আরো কোন কিছুর উল্লেখ আছে। এজন্য (i) নং বাক্যটি প্রথম বাক্য হবে না।
**(ii)** নং বাক্যে তাদের উদ্বেগ এবং (iii) নং বাক্যে তারা বলে শব্দগুলো থাকায় বুঝা যায় পূর্বে অন্য কোন বাক্যে তারা / তাদের নাম / পরিচয় উল্লেখ আছে। এজন্য (ii) ও (iii) প্রথম বাক্য হবে না।
সুতরাং বাক্যগুলো বুঝার পর সহজেই বলা যায় প্রথম বাক্যটি হবে (iii) নং বাক্য।
তারপর (iv) → (ii) → (i)। ∴ **Answer is (C)**।

**11.** প্রথমে বাক্যগুলোর অর্থ মন দিয়ে বুঝা যাক।

(i) কোন মার্কেটিং এজেন্সির সাথে অংশীদার হওয়ার পূর্বে তুমি তোমার *due diligence* সম্পাদন কর - তা নিশ্চিত কর। *due diligence* = কোন কোম্পানির সাথে ব্যবসায় জড়িত হওয়ার পূর্বে এটির খুঁটিনাটি দেখা এবং আর্থিক বিবরণ জেনে নেয়া।

(ii) দুর্ভাগ্যক্রমে, এটি অসৎ উপায়ে অর্থ উপার্জনকারীদের জন্য ধরা খাওয়া প্রতিহত করতে এবং রাডারের আড়ালে থাকাকে সহজ করে দিয়েছে।

(iii) ডিজিটাল রূপান্তর আমাদের মার্কেটিং ক্যাপাসিটিকে উন্নত করেছে।

(iv) এটির ওয়েবসাইটকে ঘাটাঘাটি করা শুরু কর; যদি মৌলিক বিষয়গুলি সহজে না পাওয়া যায় বা পাওয়া কঠিন হয় তাহলে এটিকে লাল সংকেত হিসেবে ধরে নাও মানে কোম্পানী সম্পর্কে সতর্ক হয়ে যেতে হবে।

বাক্যগুলো বুঝার পর এবার সহজেই বলা যায় প্রথম বাক্যটি হবে (iii) নং বাক্য। তারপর (ii) → (i) → (iv)। ∴ **Answer is (D)**।

***তার পর পৃষ্ঠা উল্টিয়ে দেখা গেল Correction (Q. 19 - 22)-এর প্রশ্ন তুলনায় সহজ। এবার এগুলি Solve করব।***

**<u>Q. 19 – 22:</u>** Correction অর্থাৎ সঠিক বাক্যটি বের করতে হবে। এক্ষেত্রে টেকনিক হল ভুল উত্তরগুলি প্রথমে বাদ দেয়া।

19. *Despite* থাকাতে বাক্যের পরের অংশে মানে কমার পরে *there* দিয়ে শুরু হওয়াটা সঠিক নয়। এজন্য (A) ভুল উত্তর। যেমন, *Despite the snow, trains are running. Despite the illness, he ...*এভাবে হয়। একই কারণে (D) বাদ। (B) বাদ, কারণ *claims* তো *hostility face* (শত্রুতা মোকাবিলা করা) করেনি। (E) বাদ, কারণ কমার ঠিক পরে *workers* থাকাতে *Despite their validity, workers ...* - দ্বারা বুঝা যায় *worker*-দের বৈধতা, কিন্তু *validity* তো *claims*-এর। ∴ **সঠিক উত্তর (C)**।

**সঠিক বাক্য ও অর্থ**

Although some of the management's claims had validity, the workers responded with blatant hostility. (যদিও ম্যানেজমেন্টের কিছু বক্তব্যের বৈধতা ছিল, কিন্তু শ্রমিকরা প্রকাশ্য শত্রুতার সাথে সাড়া দিয়েছিল।)

**20.** *the car*-এর সাথে *who* থাকাতে (B) ভুল। *car* থিয়েটারের মধ্যে আঘাত করেনি। এজন্য (A) ভুল। (C)-তে *has hit* থাকাতে এটি ভুল, কারণ *hit* করেছিল পূর্বে। এভাবে *has been* থাকাতে (D)-ও বাদ। **সঠিক বাক্য পাওয়া গেল (E)-তে**।

**সঠিক বাক্য ও অর্থ**

In the theatre, Baker saw the driver of the car by which he had been hit. (অর্থাৎ, Baker যে car দ্বারা আঘাতপ্রাপ্ত হয়েছিল সেটির ড্রাইভারকে সে থিয়েটারে দেখেছিল।)

**21.** *In a rare instance of oversight* (সঠিকভাবে লক্ষ্য না করায় ভুল করার বিরল দৃষ্টান্ত) - বাক্যাংশটুকুর শেষে কমার (**,**) পরে আসবে যে এধরণের দৃষ্টান্ত সৃষ্টি করল তার নাম অর্থাৎ এ অংশটুকু কমার পরের ব্যক্তি বা প্রতিষ্ঠানকে modify করবে। *his application* থাকাতে (A) ও (B) বাদ। (E) বাদ, কারণ ভুল করেছে company আর বাতিল হয়েছে *application*। *instance* অর্থ নজির বা দৃষ্টান্ত। (D)-তে *instant* থাকায় (D) ভুল। ∴ **উত্তর (C)**।

**সঠিক বাক্য ও অর্থ**

In a rare instance of oversight, the company rejected his application.
(সঠিকভাবে লক্ষ্য না করার কারণে ভুল করার বিরল দৃষ্টান্ত স্থাপন করে কোম্পানিটি তার আবেদন প্রত্যাখ্যান করেছিল।)

Recent Bazar

**22.** *those who works* ... ভুল কারণ এখানে *who* অর্থ *those* আর *those*-এর পর *works* নয়, *work* হয়। এজন্য (A) ভুল। (B)-তে *finds*-এর পর *who*-কে বুঝায় এমন ব্যক্তিদের বুঝানোর জন্য কোন word নেই। (D)-তে *often* বসেছে *finds*-এর পর। (E)-তেঃ Success has often found ... (সফলতা প্রায়ই খুঁজে পেয়েছে ...) কথাটা বেখাপ্পা, বরং ... প্রায়ই খুঁজে পায় সঠিক। এজন্য ভুল। ∴ **উত্তর (C)**।

**সঠিক বাক্য ও অর্থ**

Success often finds those who work hard.
(সফলতা প্রায়ই তাদের খোঁজে পায় যারা কঠোর পরিশ্রম করে।)

**S@ifur's Analogy বইতে বিগত পরীক্ষাগুলোসহ প্রচুর Analogy সমাধান দেয়া আছে।**


***Correction সমাধানের পর Analogy প্রশ্ন (Q. 16 - 18) Solve করা যাক:***

**16.** **connotation** (কনোটেইশন্) = কোন শব্দের আক্ষরিক বা আসল অর্থ ছাড়াও এটি কোন ব্যক্তির মনে যে ধারণা বা অনুভূতি জাগিয়ে তোলে। যেমন, *lady* শব্দটি দ্বারা কারো মনে অত্যধিক পরিপাটির ধারণা আসতে পারে। *Discipline* দ্বারা *Punishment* মনে হতে পারে।

**artist** (আর্টিস্ট) = শিল্পী; চিত্রকর। **evidence** = প্রমাণ বা সাক্ষ্য।
**mystery** (মিস্ট্রি) = রহস্য। **piquant** (পিকান্ট) = ঝাঁঝালো কিন্তু সুস্বাদু।
**morality** = নৈতিকতা। **cuisine** (কুইযিন্) = রান্নার ধরণ।
**piquancy** (পিকান্সি) = তীব্র ও রসময় হবার গুণ।
**genre** (জেন্‌রা) = কলা, সংগীত বা সাহিত্যের কোন স্টাইল বা প্রকার।
**sacrilege** (স্যাক্রিলিজ্) = পবিত্র কিছুর প্রতি অসম্মানজনক আচরণ; ধর্মদ্রোহিতা।

এবার প্রশ্নের Word দুটির মধ্যে সম্পর্ক বের করে একই সম্পর্ক Answer option-এর কোনটিতে আছে তা দেখা যাক। অর্থাৎ, **Poem**-এ বৈচিত্র্য আসে **Connotation**-এর ভিন্নতায় এবং **Cuisine** বা রান্নার ধরণে বৈচিত্র্য আসে **Piquancy**-এর ভিন্নতায়। ∴ **Answer (E)**।

**17.** **loneliness** (লৌন্লিনেস্) = একাকীত্ব। **illusion** (ইলিউয্ন্) = মোহ বা মিথ্যা ধারণা।
**monk** (মংক) = সন্যাসী। **magician** (মাজিশিয়ান্) = যাদুকর বা ভেলকিবাজ।
**tactic** (ট্যাক্টিক্) = কৌশল। **accomplishment** = অর্জন।
**explorer** (য়েক্সপ্লোরার্) = অনুসন্ধানকারী। **discovery** = আবিষ্কার।
**athlete** (অ্যাথলেট) = শারীরিক কসরত দেখানোতে দক্ষ এমন ক্রীড়াবিদ।
**feint** (ফেইন্ট) = খেলাধূলায় অন্যকে ঠকানোর উদ্দেশ্যে কোনো কিছু করার ভান করা; ঠকানোর ভান।



অর্থাৎ, **Magician** যাদু দেখানোর জন্য **Feint** ব্যবহার করে এবং **Athlete** কসরত দেখানের জন্য **Tactics** ব্যবহার করে। ∴ **Answer (C)**।

**18.** **ambience** (অ্যাম্বিয়েন্স)= পরিবেশ। **accolade** (অ্যাকোলেইড্) = প্রশংসা ও সম্মতি।
**shambles** (শ্যাম্বল্স্) = বিশৃংখলা। **reservoir** (রিজার্‌ভয়্যার্) = তরল জমা রাখার আধার।
**scanty** (স্ক্যানটি) = অপর্যাপ্ত। **derelict** (ডেরেলিক্ট্) = পরিত্যক্ত (ভবন, স্থান প্রভৃতি)।
**striking** = যথেষ্ট নজর কাড়ে এমন। **ambient** = চারপাশে বিদ্যমান পরিবেশগত অবস্থা।
**refulgent** (রিফাল্জেন্ট) = দীপ্তিমান; উজ্জ্বলভাবে কিরণ দেয় এমন।
**ominous** (অমিনাস্) = অপ্রীতিকর কিছু ঘটার সংকেত দেয় এমন।

অর্থাৎ, **Ambience**-এর একটা বৈশিষ্ট্য বর্ণনা করা যায় **refulgent** দ্বারা এবং **atmosphere**-এর বৈশিষ্ট্য বলা যায় **ominous** দ্বারা। ∴ **উত্তর (D)**।

Recent Bazar

*এবার **Fill-in-the blanks (Q. 6 - 9)** সমাধান করব:*

**6.** **শব্দের অর্থ**

**actual** (অ্যাকচুয়াল্) = বাস্তব। **self-control** = আত্ম-নিয়ন্ত্রণ।
**crisis** (ক্রাইসিস্) = সংকট। **crises** = সংকটসমূহ। **illusive** = *illusory* = অবাস্তব।
**illusion** (ইলিউয্ন্) = মতিভ্রম। **delusive** (ডিলিউসিভ্) = *delusory* = মিথ্যা।
**elusive** (ইলিউসিভ্) = বর্ণনা করা, খুঁজে পাওয়া, অর্জন করা বা স্মরণ করা কঠিন এমন।

**প্রশ্নের বাক্য**

It is our _____ that all individuals show self-control in the actual hour of _____.
অর্থাৎ, এটা হল আমাদের ______ যে সব ব্যক্তিরাই দেখায় আত্ম-নিয়ন্ত্রণ ______ এর আসল সময়ে।

**সমাধান**

Answer option-এর শব্দগুলো শূন্যস্থান দুটিতে বসালে শুধু (B)-এর শব্দগুরো খাপ খায়। তাছাড়া *in the actual hour of crises* বলতে সংকটগুলোর কোন প্রকৃত সময়ে – যা ভুল। এজন্য (A) ও (E) ভুল উত্তর। (D)-তে *believe*-এর স্থলে *belief* হলে হত। *illusive presence, illusive project* এভাবে হয়, *illusive thought* ভুল। আর এই বাক্যে *illusive* শব্দটি যায় না। ∴ **সঠিক উত্তর (B)**।

**পূর্ণ বাক্য ও অর্থ**

It is our ***delusive belief*** that all individuals show self-control in the actual hour of ***crisis***.
(এটা আমাদের মিথ্যা বিশ্বাস যে প্রকৃত বিপদের সময়ে সব ব্যক্তিই আত্ম-সংযম দেখায়।)

**7.** **শব্দের অর্থ**

**liberal** (লিবারেল্) = উদার। **spirit** = স্পৃহা; চেতনা।
**narrow** (ন্যারৌ) = সংকীর্ণ। **view** (ভিউ) = দৃষ্টিভঙ্গি।
**diverse** (ডাইভার্স) = ভিন্ন। **uniformity** (ইউনিফর্‌মিটি) = সমরূপতা; মিল বা ঐক্য।
**averse** (অ্যাভার্স) = বিতৃষ্ণা; অপছন্দ। **coerce** (কোয়ার্স) = জোরপূর্বক প্ররোচিত করা।
**oppose** (অপৌয্) = বিরোধীতা করা। **enforce** (য়েনফোর্স) = বলবৎ করা; কার্যকর করা।
**inscribe** (ইন্স্ক্রাইব্) = খোদাই করা। **incline** (ইন্ক্লাইন্) = ঝোঁকা।
**sundry** (সান্ড্রি) = নানাবিধ। **constitutionally** = চারিত্রিক বা বৈশিষ্ট্যগতভাবে।
**forcible** (ফর্সিব্ল্) = বলপ্রয়োগে করা হয় এমন। **avert** = (দৃষ্টি, চিন্তা) ফিরিয়ে নেয়া; প্রতিহত করা।

**প্রশ্নের বাক্যের অর্থ**

The teacher was a man of liberal spirit, _____ to narrow views and ____ uniformity.
অর্থাৎ, শিক্ষক ছিলেন একজন উদার চেতনার মানুষ, ______ সংকীর্ণ দৃষ্টিভংগীর এবং ______ সমরূপতা বা সমআচরণ।

**সমাধান** শুধুমাত্র (C)-এর শব্দগুলো শূন্যস্থান দুটিতে বসালে অর্থপূর্ণ বাক্য হয়। ∴ **Answer (C)**।

**পূর্ণ বাক্যর ও অর্থ**

The teacher was a man of liberal spirit, **constitutionally averse** to narrow views and **enforced** uniformity. (শিক্ষক ছিলেন একজন উদার চেতনার মানুষ, যিনি ছিলেন চারিত্রিকভাবে সংকীর্ণ দৃষ্টিভংগি ও চাপিয়ে দেয়া সমরূপতা বা মিলের বিরোধী।)

Recent Bazar

8.

**শব্দের অর্থ**

**breed** (ব্রীড্) = উৎপাদন করা। **copy** = নকল করা। **certainty** = নিশ্চয়তা ।
**reduce** (রিডিউস্) = হ্রাস করা। **benefit** = উপকার পাওয়া। **imitation** = নকল ।
**strategy** (স্ট্র্যাটেজি) = কৌশল। **adopt** (অ্যাডাপ্ট) = অবলম্বন করা; গ্রহণ করা।
**initiation** (ইনিশিয়েশন) = শুরু। **technology** = প্রযুক্তি।
**initiate** (ইনিশিয়েইট্) = শুরু করা। **uncertainty** = অনিশ্চয়তা।
**imitate** (ইমিটেইট্) = অনুকরণ করা। **invention** = আবিষ্কার।
**emulate** (এমিউলেইট্) = সমকক্ষ হতে বা ছাড়িয়ে যেতে চেষ্টা করা।

**প্রশ্নের বাক্যের অর্থ**

Competition often breeds _____ because copying what a competitor is doing and benefitting from doing so often reduces the ____ of adopting a particular strategy of technology.অর্থাৎ, প্রতিযোগিতা প্রায়ই জন্ম দেয় _____ কারণ অনুকরণ করা যা একজন প্রতিদ্বন্দ্বি করছে এবং যেমনটি করে উপকৃত হচ্ছে তা প্রায়ই কমিয়ে দেয় বিশেষ কৌশল বা প্রযুক্তি গ্রহণের ______ ।

**সমাধান**

কেবল (D)-এর শব্দগুলো শূন্যস্থানে বসালে অর্থপূর্ণ বাক্য হয়। উল্লেখ্য *because copying* ... থাকাতে স্পষ্ট বুঝা যাচ্ছে প্রথম শূন্যস্থানে *copying*-এর সমার্থক শব্দ বসবে। একারণে (A), (C) ও (E) ভুল উত্তর। বাক্যের অর্থ মন দিয়ে পড়লে বুঝা যায় *reduces the certainty* ... কথা ভুল। এজন্য (B) বাদ। ∴ **সঠিক উত্তর (D)**।

**পূর্ণ ইংরেজি বাক্য ও অর্থ**

Competition often breeds **imitation** because copying what a competitor is doing and benefitting from doing so often reduces the **uncertainty** of adopting a particular strategy of technology. (প্রতিযোগিতা প্রায়ই অনুকরণের জন্ম দেয় কারণ অনুকরণ যা একজন প্রতিযোগী করছে এবং যেমনটি করে উপকৃত হচ্ছে তা প্রায়ই বিশেষ কৌশল বা প্রযুক্তি গ্রহণের অনিশ্চয়তাকে কমিয়ে দেয়।)

9.

**adept** = দক্ষ। **photographer** = যে ছবি তোলে সৃজনশীল উপায়ে।
**aspect** = বৈশিষ্ট্য। **capture** (ক্যাপচার্) = ক্যামেরা দিয়ে ছবি তোলা।
**grace** = শুভ ইচ্ছা। **obscure** (অব্স্কিউর্) = অস্পষ্ট।
**humanity** = মানবতা; মনুষ্যত্ব। **obscurity** = অস্পষ্টতা; অজ্ঞাত বা অখ্যাত কোন কিছু।
**apparently** = আপাতত; বাহ্যত। **nuance** (নুয়্যান্স) = ক্ষুদ্র পার্থক্য।
**evident** = স্পষ্ট। **epiphany** (য়েপিফেনি) = বোধোদয়।
**profess** = ঘোষণা করা। **proclaim** = অফিসিয়ালি ঘোষণা করা।
**seek out something** = কিছু পেতে দীর্ঘদিন ধরে খোঁজা।

**প্রশ্নের বাক্যের অর্থ**

_____ that the photographer is adept in seeking out and capturing, with humanity and grace, each little ____ of everyday life in the city. (যে ফটোগ্রাফার কাংখিত জিনিস দীর্ঘদিন ধরে খুঁজতে ও এর ছবি ধারণ করতে দক্ষ, মনুষ্যত্ব ও শুভ ইচ্ছার সহিত, শহরের নৈমিত্তিক জীবনের প্রতিটি নগণ্য ______ কে।)

**সমাধান**

শূন্যস্থান দুটিতে Answer option-এর শব্দগুলো বসালে দেখা যায় শুধুমাত্র (A)-এর শব্দগুলো খাপ খায়। ∴ **Ans. (A)**।

**পূর্ণ বাক্য ও অর্থ**

**It was said** that the photographer is adept in seeking out and capturing, with humanity and grace, each little **obscurity** of everyday life in the city. (এটা বলা হত যে ফটোগ্রাফার শহরের নৈমিত্তিক জীবনের একেবারে অখ্যাত প্রতিটি জিনিসকে মনুষ্যত্ব ও শুভ ইচ্ছার সাথে দীর্ঘদিন ধরে খুঁজতে ও এর ছবি ধারণ করতে দক্ষ।)

***শূন্যস্থান সমাধানের পর আমরা চলে যাব Q. 23-25 সমাধান করতে। তাহলে মন দিয়ে করা যাক:***

**Q. 23 to 25:** বাক্যে শব্দের সঠিক প্রয়োগ বের করা।

**23.**

**শব্দের অর্থ**




**arson** (আর্‌সন্‌) = ইচ্ছাকৃতভাবে অগ্নিসংযোগের অপরাধ।
**arsonist** = অগ্নিসংযোগের অপরাধে অপরাধী।
**presume** (প্রিযিউম্‌) = সত্য বলে ধরে নেয়া। **presumably** (প্রিযিউমেব্‌লি) = সম্ভবত।
**harbour** (হার্‌বার্‌) = দীর্ঘদিন ধরে মনে কোন কিছু লালন করা; আশ্রয় দেয়া।
**grudge** (গ্রাজ্‌) = দীর্ঘদিন স্থায়ী তীব্র রাগ বা ক্রোধ ঐ ব্যক্তির বিরুদ্ধে যে তোমার সাথে খারাপ আচরণ করেছে বলে তুমি মনে কর।
**collectible = collectable** = যে জিনিস মানুষ শখ হিসেবে সংগ্রহ করতে চায়।

**সমাধান** বাক্য তিনটি মন দিয়ে পড়লে বুঝা যায় (III) বাক্যে harbour শব্দটির ব্যবহার সঠিক নয়। ∴ Ans. (D)।

**অর্থ** (i) The arsonist presumably <u>harbours</u> a grudge against the company.
(অগ্নিসংযোগকারী সম্ভবত কোম্পানির বিরুদ্ধে মনের মধ্যে তীব্র ক্রোধ পোষণ করে।)
(ii) These woodlands once <u>harboured</u> a colony of red deer.
(এই বনভূমিগুলোতে একদা একদল লাল হরিণ বাস করত।)

**24.** **gallant** (গ্যালান্ট) = সাহসী। **rein** (রেইন্‌) = লাগাম। **sway** (সোয়েই্‌) = প্ররোচিত করা।
**free rein** = তুমি যা চাও তা করা, বলা বা অনুভব করার স্বাধীনতা।

**সমাধান**





Sentence (i)-এ *rein*-এর ব্যবহার সঠিক নয়।
**rein in** = লাগাম টেনে ঘোড়ার গতি নিয়ন্ত্রণ করা।
**rein something in = rein something back** = সীমা ছাড়িয়ে যাওয়ার আগেই কোন আবেগ বা কর্মকাণ্ডকে নিয়ন্ত্রণ করা।

(ii) নং বাক্য সঠিক। **বাক্য ও অর্থ:** The young film-makers were given free **rein** to experiment with new themes and techniques. (তরুণ চলচ্চিত্র প্রণেতাদেরকে নতুন বিষয়বস্তু ও কৌশল নিয়ে স্বাধীনভাবে পরীক্ষা চালাতে দেওয়া হয়েছিল।)

(iii) নং ভুল। *rein in* বা *rein back* হলে হত। যেমন: We tried to rein in our emotions. (আমরা আমাদের আবেগ দমন করতে চেষ্টা করেছিলাম।) ∴ **সঠিক উত্তর (B)**।

Recent Bazar

**25.** **bland** (ব্ল্যান্ড) = আকর্ষণহীন। **banal** = গতানুগতিক। **tinkle** (টিংক্ল্) = টুংটাং বা ঝন ঝন করে বাজা।
**discreet** (ডিস্ক্রীট্) = সতর্ক; কৌশলী; কথা বা কাজ ভেবে চিন্তে করে কোন কিছু গোপন রাখতে বা বিব্রতকর পরিস্থিতি এড়িয়ে যেতে এমন; বিচক্ষণ।





**discrete** (ডিস্ক্রীট্) = আলাদা।
**interweave** (ইন্টারউইভ্) = একত্রে জড়িয়ে পাকিয়ে থাকা।
**overlap** = একপাশে প্রসারিত হয়ে অংশত আবৃত করা।

এবার (i), (ii) ও (iii)-এর sentence-গুলি মন দিয়ে পড়া যাক-

(i) Bland, banal music tinkled <u>discreetly</u> from hidden loudspeakers. (আড়ালে স্থাপিত লাউডস্পীকার থেকে নীরস, একঘেয়ে সংগীত কারো মনোযোগ আকর্ষণ না করে টুংটাং বেজে উঠেছিল।)

(ii) *discreet*-এর ব্যবহার ভুল। বাক্যের শেষাংশে আছেঃ *they* (*social structures*) *overlap and interweave*. মানে *social structures*-এর এক অংশ অন্য অংশকে overlap করে ও জড়িয়ে পাকিয়ে থাকে। এখানে ***discrete*** শব্দটি বসলে হত। অর্থাৎ *social structures* আলাদা (*separate* বা *discrete*) objects নয়, এগুলো একত্রে জড়িয়ে পাকিয়ে বিদ্যমান।




(iii) বাক্যটি সঠিক। The spy was <u>discreet</u> while sneaking into the locked building. (তালাবদ্ধ ভবনে গোপনে প্রবেশকালে গুপ্তচরটি ছিল *discreet* মানে সবার নজরের আড়ালে ছিল।)
অর্থাৎ, (i) ও (iii) নং বাক্য সঠিক পাওয়া গেল। ∴ **Answer (C)**।

> ***তার পর পৃষ্ঠা উল্টিয়ে দেখা গেল দ্বিতীয় Reading (Q. 12 - 15) Passage-টি তুলনামূলকভাবে প্রথমটির চেয়ে সহজ মনে হয়। তাহলে এটি এখন solve করব।***

## <u>Q. 12 – 15: Reading Comprehension</u>

প্রথমে passage-এর কিছুই না পড়ে প্রশ্নে যাওয়া যাক। 13 নং প্রশ্নটি শব্দার্থ বের করার প্রশ্ন। এধরনের প্রশ্ন তুলনামূলকভাবে সহজ বলে প্রথমে এটি solve করা যাক।

**13.** অর্থাৎ, Line 6-এর 'Spartan' শব্দটির স্থলে Answer option-এর কোন word-টি বসানো যাবে, মানে Spartan-এর সমার্থক কোনটি?
এবার passage-এ গিয়ে Spartan-যুক্ত বাক্যটি পড়া যাক:



As soon as this happened, they cheerfully abandoned the gruelling, dangerous, and often **spartan** life of hunter-gatherers, settling down to enjoy the pleasant, satiated life of farmers. (অর্থাৎ, যখন এটি ঘটেছিল তারা আনন্দ চিত্তে শিকার সংগ্রহকারীদের পরিশ্রান্তিকর, বিপদজনক ও প্রায়ই *spartan* (কষ্টসহিষ্ণু) জীবন ত্যাগ করল এবং কৃষকদের মনোরম, পরিতৃপ্ত জীবনযাপন গ্রহণ করল।)

বাক্যটি পড়ে বুঝা গেল Spartan দ্বারা কঠোর সংযমী বা আরামহীন অবস্থা (*lack of comfort*)-এর মতই কিছু একটা বুঝাবে। এবার প্রশ্নে গিয়ে উত্তর পড়া যাক:

**opulent** (অপালেন্ট) = ব্যয়বহুল ও বিলাসী। **embellished** = শোভিত বা অলংকৃত।
**insipid** (ইন্সিপিড্) = নীরস; একঘেঁয়ে। **reticent** = স্বল্পভাষী।
**frugal** = মিতব্যয়ী বা হিসেবী; সস্তা বা পরিমাণে কম এমন খাবার। যেমন: *frugal lifestyle, frugal meal* প্রভৃতি।
দেখা যাচ্ছে, Spartan-এর কাছাকাছি অর্থবোধক শব্দ হল ***frugal***। ∴ **উত্তর (C)**।

Recent Bazar

**14.** অর্থাৎ, Forager-রা (যারা খাদ্যের অন্বেষণে ঘুরে বেড়াত) কৃষকদের চেয়ে কম বুদ্ধিমান ছিল না - এই বক্তব্য থেকে আমরা কী মন্তব্য করতে পারি?

passage-এ গিয়ে খুঁজলে দ্বিতীয় para-র শুরু থেকে কয়েকলাইন পড়লেই পাওয়া যায়।

That tale is fantasy. অর্থাৎ, প্রথম para-য় কৃষকদের পরিতৃপ্ত জীবনের যে ইংগিত আছে দ্বিতীয় para-র শুরুতে বলা হল এটি একটা fantasy বা অলীক কল্পনা।

এর পরে আছেঃ Foragers knew the secrets of nature long before the Agricultural Revolution, since their survival depended on an intimate knowledge of the animals they hunted and the plants they gathered. [ (অর্থাৎ, কৃষি বিপ্লবের বহু পূর্বেই *Forager*-রা প্রকৃতির রহস্য জানত যেহেতু তাদের টিকে থাকা নির্ভর করত তাদের শিকার করা প্রাণী ও সংগৃহিত উদ্ভিদ সম্পর্কে গভীর জ্ঞান (*intimate knowledge*)-এর উপর।]

এবার Answer option পড়া যাকঃ passage অনুসারে সঠিক মন্তব্য পাওয়া যায় (D)-তেঃ অর্থাৎ, টিকে থাকার জন্য forager-দের উদ্ভিদ ও প্রাণী সম্পর্কে অবশ্যই জ্ঞান ছিল। ∴ **সঠিক উত্তর (D)**।


**15.** passage-এর অন্তর্নিহিত বা মূল উদ্দেশ্য Answer option-এর কোন বক্তব্যকে তোলে ধরে?

passage-এর শেষে বাকি ২/৩ লাইন পরার পর পুরো passage সম্পর্কে মোটামুটি একটা ধারণা হয়ে যাওয়ায় Answer-গুলো পড়া যাকঃ

(A) বাদ, কারণ *leisure time* কৃষি বিপ্লবের *outcome* নয়। বিপ্লবের ফলে কাজ বেড়ে যাওয়ায় *leisure* কমে যায় এবং এটি উপকারী, না খারাপ তা passage-এ নেই।
(B) বাদ, কারণ কৃষকদের মৃত্যুর হার কম বা বেশি নিয়ে passage-এ ইংগিত নেই।
(C) বাদ, কারণ উদ্ভিদ ও প্রাণীকে গৃহস্থালীকরণটা বিশাল আবিষ্কার কিনা তার ইংগিত নেই।
(E) বাদ, (C)-এর মত কারণেই। **শুধু (D)-এর বক্তব্যই উত্তর**।

**12.** অর্থাৎ, passage অনুসারে কৃষি বিপ্লবের *outcome* বা ফল নিচের কোনটি নয়?

দ্বিতীয় para-র বাকি অংশ মন দিয়ে পড়া যাকঃ Rather than heralding a new era of easy living, the Agricultural Revolution left farmers with lives generally more difficult and less satisfying than those of foragers. Hunter-gatherers spent their time in more stimulating and varied ways, and were less in danger of starvation and disease. The Agricultural Revolution certainly enlarged the sum total of food at the disposal of humankind, but the extra food did not translate into a better diet or more leisure. Rather, it translated into population explosions and pampered elites. The average farmer worked harder than the average forager, and got a worse diet in return. (অর্থাৎ, সহজ জীবনযাপনের নতুন যুগের সূচনা না করে কৃষি বিপ্লব বরং কৃষকদেরকে Forager-দের চেয়ে আরো কঠিন ও কম পরিতৃপ্তিকর জীবনে ফেলে দিল। শিকার অন্বেশণকারীরা আরো প্রেরণাদায়ক ও নানাবিধ উপায়ে তাদের সময়



কাটাত এবং অনাহারে থাকা ও রোগে ভোগার কম ঝুঁকিতে ছিল। কৃষি বিপ্লব মানুষের ব্যবহার উপযোগী মোট খাদ্যের পরিমাণ বাড়িয়েছিল কিন্তু অতিরিক্ত খাদ্য তাদেরকে উন্নত খাবার বা আরো আরাম দেয়নি। বরং এটি জনসংখার বিস্ফোরণ ঘটিয়েছিল এবং আরাম উপভোগকারী ধনী শ্রেণির সৃষ্টি করেছিল। একজন আদর্শ কৃষক একজন আদর্শ Forager-এর চেয়ে বেশি পরিশ্রম করত এবং পরিণামে নিম্নমানের খাবার পেত।)

passage-এ দেয়া তথ্য জানা গেল; এবার প্রশ্নের Answer option পড়া যাকঃ

*Agricultural Revolution*-এর ফলে *population* বেড়েছে, *elite* শ্রেণির (pampered elites) সৃষ্টি হয়েছে, বেশি সময় ধরে মানুষ কাজ করে এবং জীবনযাপন (lifestyle) Forager-দের মত *varied* (বিভিন্ন বা বৈচিত্রময়) নয় মানে *less varied* হয়েছে। তবে অসুস্থতা ও অপুষ্টি (*worse diet*) থেকে বেশি সুরক্ষা পায়নি। দেখা যাচ্ছে (B)-এর তথ্য কৃষি বিপ্লবের *outcome* নয়। ∴ **উত্তর (B)**।

***Language Section*-এ দেয়া প্রথম *Reading passage*-টি একটু কঠিন বলে এটি সবার শেষে করার জন্য রাখা হয়েছিল। তাহলে এখন এটিই করা যাক:**

**1 - 5:** **শব্দের অর্থ**

**chore** (চোর্) = ঘর-গৃহস্থালির টুকিটাকি বিরক্তিকর কাজ। **identify** (আইডেন্টিফাই্) = চিহ্নিত করা।
**balk** (বাক্) = কোন কিছু করতে অনিচ্ছুক হওয়া। **drawback** (ড্র-ব্যাক্) = অসুবিধা।
**work ethic** = কাজ হল নৈতিকভাবে ভাল এই বিশ্বাস।
**passably** (পাসেব্লি) = কোন কিছু এমনভাবে করা যেটি হয় সন্তোষজনক তবে চমৎকার নয়।
**high-achievers** = বেশি অর্জনকারী বা সফলরা।

প্রথমে passage solve করার direction পড়া যাক। অর্থাৎ, passage-এর নিচে দেয়া Q. 1–5 পর্যন্ত প্রতিটি প্রশ্নের উত্তর প্রশ্নের নম্বর অনুসারে নির্দিষ্ট সংখ্যা যুক্ত underlined করা অংশের সাথে সংশ্লিষ্ট। যেমন প্রশ্ন নম্বর 1-এর Answer নম্বর 1 চিহ্নিত underlined করা বাক্যাংশ অনুসারে হবে।

এবার passage-এর কিছুই না পড়ে সরাসরি প্রশ্নে গিয়ে প্রশ্ন পড়া যাক। প্রথমে ২নং প্রশ্নটি সমাধান করা যাক কারণ এটি অন্যগুলির চেয়ে সহজ মনে হচ্ছে।

**Q. # 2**

অর্থাৎ, underlined নম্বর **2** মানে (**2**) চিহ্নিত বাক্যাংশটুকু correct করতে Answer option-এর কোনটি বসবে?

এবার passage-এর ঐ অংশটুকুসহ কয়েক লাইন পড়া যাক:
The study found professional success in life ...

অর্থাৎ, (2) অংশটুকু থাকলে বুঝা যায় কোন ব্যক্তির সফলতা বা *success* আসে *chores* থেকে কিন্তু বাস্তবতা হল শিশু হিসেবে কোন ব্যক্তি *chores* সম্পন্ন করার কারণে তার মধ্যে *work ethic developed* হয় এবং এভাবে আসে সফলতা। **এবার Answer option-গুলো পড়লে সঠিক বাক্যাংশ (D)-তে পাওয়া যায়।**

**Q. # 1**

অর্থাৎ, তৃতীয় প্যারা শুরু করার সর্বোত্তম উপায় কোনটি?
মানে, Answer option-এর কোন বাক্যটি দিয়ে তৃতীয় paragraph-টি শুরু হলে দ্বিতীয় para-র শেষাংশের সাথে তৃতীয় para-র সামঞ্জস্য থাকত তা বের করতে হবে।
এবার passage-এ গিয়ে প্রথম থেকে দ্রুত পড়ে দ্বিতীয় ও তৃতীয় para মন দিয়ে পড়া যাক।
দ্বিতীয় প্যারায় আছে, সুখী ও সফল হতে গবেষকরা দুটি জিনিস চিহ্নিত করেন। প্রথমটি হল *love* এবং দ্বিতীয়টি *work ethic*।
তৃতীয় para-য় আছে, কম বয়সীদের মধ্যে *work ethic* তৈরি করা সহজ নয়। ভবিষ্যৎ *president* কেনেডির মত *high-achiever*-রা যারা গবেষণার অংশ ছিলেন তাদের নিয়ে করা গবেষণার অভিজ্ঞতার ভিত্তিতে বলা যায় যে এতে একটা মিল পাওয়া যায়। এবার প্রশ্নে গিয়ে Answer-গুলো পড়া যাক:

(B) সঠিক নয়, কারণ কম বয়সীদের মধ্যে *work ethic* সৃষ্টি করার বিভিন্ন উপায় নিয়ে কোনো গবেষণা তৃতীয় para-য় নেই।
(D) বাদ, *high-achievers* ও *low-achievers*-এর মধ্যে পার্থক্য নিয়ে আলোচনা তৃতীয় para-য় নেই, তাই এটি উক্ত para-র শুরুতে দেয়া যায় না। এভাবে (E) অপ্রাসঙ্গিক, কারণ *love* নিয়ে এর পরে কোন ইংগিত নেই।
(A) বাদ, কারণ (C)-এর বাক্য দিয়ে তৃতীয় para শুরু হলে সবচেয়ে প্রাসঙ্গিক হয়: *Now, what's the best way to develop work ethics in young people?*

Recent Bazar